

📃 আল-আ'লা | Al-A'la | ٱلْأَعْلَىٰ

আয়াতঃ ৮৭:৬

💵 আরবি মূল আয়াত:



আমি তোমাকে পড়িয়ে দেব অতঃপর তুমি ভুলবে না। — আল-বায়ান
আমি তোমাকে পড়িয়ে দেব, যার ফলে তুমি ভুলে যাবে না। — তাইসিরুল
অচিরেই আমি তোমাকে পাঠ করাব, ফলে তুমি বিস্মৃত হবেনা — মুজিবুর রহমান

We will make you recite, [O Muhammad], and you will not forget, — Sahih International

- ৬. শীঘ্রই আমরা আপনাকে পাঠ করাব, ফলে আপনি ভুলবেন না(১),
 - (১) পূর্ববর্তী আয়াতসমূহে আল্লাহ্ তা'আলা মানুষের জন্য তাঁর যে সমস্ত দুনিয়াবী নি'আমত প্রদান করেছেন সেগুলোর কিছু বর্ণনার পর এখন কিছু দ্বীনী নেয়ামত বর্ণনা করছেন। তন্মধ্যে প্রথমেই হচ্ছে কুরআন। [সা'দী] এ আয়াতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম-কে সুসংবাদ জানানো হচ্ছে যে, আল্লাহ তাকে এমন জ্ঞান দান করবেন যে, তিনি কুরআনের কোন আয়াত বিস্মৃত হবেন না। আপনার কাছে কিতাবের যে ওহী আমরা পাঠিয়েছি আমরা সেটার হিফাযত করব, আপনার অন্তরে সেটা গেথে দেব, ফলে তা ভুলে যাবেন না। [ইবন কাসীর; সা'দী]

তাফসীরে জাকারিয়া

৬। অচিরেই আমি তোমাকে পাঠ করাব, ফলে তুমি ভুলবে না।[1]

[1] জিবরীল (আঃ) যখন অহী (আল্লাহর প্রত্যাদেশ) নিয়ে আসতেন, তখন তা রসূল (সাঃ) তাড়াতাড়ি পড়তে শুরু করতেন; যাতে করে ভুলে না যান। আল্লাহ তাআলা বললেন, এত তাড়াতাড়ি করার প্রয়োজন নেই। অবতীর্ণকৃত অহী তোমাকে পাঠ করাবার দায়িত্ব আমার। অর্থাৎ, তোমার মুখে তা সঞ্চালিত করব; ফলে তুমি তা ভুলবে না। তবে আল্লাহ যা চাইবেন, তা ভুলে যাবে। কিন্তু আল্লাহ তাআলা এইরূপ চাননি। এই জন্য তাঁর সমস্ত মুখস্থ ছিল। কেউ কেউ বলেন, এর অর্থ হল এই যে, যা আল্লাহ মনসূখ (রহিত) করতে চাইবেন, তা তোমাকে ভুলিয়ে দিবেন। (ফাতহুল কাদীর)

তাফসীরে আহসানুল বায়ান



• Source — https://www.hadithbd.com/quran/link/?id=5954

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন